



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধান কার্যালয়  
“বরেন্দ্র ভবন”, রাজশাহী-৬০০০।

০২৫-৮৮৮৬২৬৬৮, ০২৫-৮৮৮৬৩৭৮৬  
ফ্যাক্স : ৮৮-০২৫-৮৮৮৬১৮৯৭  
ই-মেইল- : bmdahq@bmda.gov.bd  
ওয়েবসাইট : www.bmda.gov.bd



নম্বর-১২.০৮.০০০০.০৪৩.৩১.০৭৫.২২.১০৯৮

তারিখ : ০৫/০২/২০২৪

## অফিস আদেশ

বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয় রাজশাহী হতে পূর্ণ অবসরপ্রাপ্ত সহকারী প্রকৌশলী জনাব বাসু দেব দে-কে তাঁর অবসরজনিত নিম্নবর্ণিত খাতের পাওনাকৃত অর্থ প্রদানের জন্য এতদ্বারা মঞ্জুর করা হলো।

খাতের নাম	প্রাপ্য টাকার পরিমাণ	স্থগিতযোগ্য ও সমন্বয়যোগ্য টাকা	নীট পরিশোধযোগ্য টাকার পরিমাণ
১	২	৩	(২-৩)=৪
আনুতোষিক (গ্র্যাচুইটি)	৩৫,২৪,৬৬০/-	আনুতোষিক (গ্র্যাচুইটি) হতে ৭.৫% স্থগিত = ২,৬৪,৩৫০/-	৩২,৬০,৩১০/- (বত্রিশ লক্ষ ষাট হাজার তিনশত দশ) টাকা।

- ২। প্রাপ্য আনুতোষিকের (গ্র্যাচুইটি) হিসাব (গণনার ভিত্তিতে মাস ও সর্বশেষ মূল বেতন হিসাবে প্রাপ্য) : বর্ণিত কর্মকর্তা ০৯/০৬/১৯৯৪ খ্রিঃ তারিখ যোগদান করে ১৩/০১/২০২৩ খ্রিঃ তারিখ অপরাহ্নে কর্তৃপক্ষের চাকুরী হতে অবসর গ্রহণ করেন। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের চাকুরী বিধিমালা/ ১৯৯৩ এর ৫০ ধারার উপ-ধারা (২) ও (৩) মোতাবেক প্রত্যেক কর্মচারী তাহার পূর্ণ বৎসর বা আংশিক বৎসরের ক্ষেত্রে একশত বিশটি কার্যদিবস বা তদুর্ধ্ব কোন সময়ের জন্য দুই মাসের মূল বেতনের হারে আনুতোষিক (গ্র্যাচুইটি) প্রাপ্য হবেন। উক্ত কর্মকর্তার চাকুরীকাল ২৮ বছর ৭ মাস ০৩ দিন। তৎপ্রেক্ষিতে তিনি (২৯×২)=৫৮ মাস আনুতোষিক প্রাপ্য হবেন। তাঁর সর্বশেষ মূল বেতন ৬০,৭৭০/- টাকা হিসাবে আনুতোষিক (গ্র্যাচুইটি) বাবদ প্রাপ্য মোট (৬০,৭৭০×৫৮) = ৩৫,২৪,৬৬০/- (পঁয়ত্রিশ লক্ষ চব্বিশ হাজার ছয়শত ষাট) টাকা প্রদানযোগ্য।
- ৩। বিএমডিএ প্রধান কার্যালয় : নাই।  
প্রশাসন শাখার মতামত
- ৪। বিএমডিএ প্রধান কার্যালয় : নাই।  
হিসাব শাখার মতামত
- ৫। বিএমডিএ প্রধান কার্যালয় : প্রধান কার্যালয়ের ১৪/০১/২০২৩ হতে ১৪/০১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ের নিরীক্ষা কাজ বানিজ্যিক অডিট কর্তৃক সম্পন্ন না হওয়ায় অত্র দপ্তর স্মারক নং-২১৪৫ তারিখ-২৯/০৩/২০২১ মোতাবেক জারীকৃত আদেশের প্রেক্ষিতে আনুতোষিক (গ্র্যাচুইটি) হতে ৭.৫% টাকা স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হওয়ায় ২,৬৪,৩৫০/- (দুই লক্ষ চৌষাট হাজার তিনশত পঞ্চাশ) টাকা স্থগিতযোগ্য।
- ৬। আনুতোষিক (গ্র্যাচুইটি) বাবদ মঞ্জুরী প্রদানকৃত অর্থ বিএমডিএ প্রধান কার্যালয়ের হিসাব শাখা কর্তৃক বিল প্রস্তুত পূর্বক পরীক্ষান্তে চেকের মাধ্যমে বর্ণিত অর্থ পরিশোধিত হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(শিবির আহমেদ)  
সচিব (অতিঃ দাঃ)

ফোন: ০২৫-৮৮৮৬২৬২৭

ই-মেইল: admin@bmda.gov.bd

০৫/০২/২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- ২। প্রোগ্রামার, বিএমডিএ, রাজশাহী। কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।
- ৩। হিসাব নিয়ন্ত্রক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- ৪। জনাব বাসু দেব দে, পূর্ণ অবসরপ্রাপ্ত সহকারী প্রকৌশলী, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৫। ব্যক্তিগত নথি।